

2 0 1 5

ELECTIVE BENGALI

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃত্তিবাস ওঝার পিতার নাম কী ?
- (খ) মধ্যযুগে 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদকের নাম কী ?
- (গ) বিজয়গুপ্তের গ্রন্থটি কী নামে পরিচিত ?
- (ঘ) কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত দ্বিজমাধবের গ্রন্থটির নাম কী ?
- (ঙ) মুকুন্দ চক্রবর্তীর বাসভূমি কোথায় ছিল ?
- (চ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের পিতার আদিনিবাস কোথায় ছিল ?
- (ছ) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর গ্রন্থটির নাম কী ?
- (জ) সৈয়দ আলাওলের অনূদিত গ্রন্থটির নাম কী ?
- (ঝ) চট্টগ্রাম ও আরাকানের কবিরা কোন্ রাজসভার কবি ছিলেন ?
- (ঞ) রামপ্রসাদ সেনের জীবিকা কী ছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের মর্ত্যকাহিনি দুটির নাম কী ?
- (খ) কার নেতৃত্বে এবং কোথায় খেতুরি মহোৎসব অনুষ্ঠিত হয়েছিল ?
- (গ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের পিতা ও মাতার নাম কী ?
- (ঘ) গোরক্ষনাথের গুরুর নাম কী ? তিনি কোন্ রাজ্য থেকে গুরুর উদ্ধার করেছিলেন ?
- (ঙ) 'শাক্ত পদাবলি'র কোন্ কোন্ পর্বের গানে আমরা একান্তভাবেই বাংলার ঘরের আদরিণী কন্যাটিকে খুঁজে পাই ?

৩। টীকা লেখো (যে কোনো চারটি) :

৫×৪=২০

চর্চাপদের নামকরণ ; সেক শুভোদয়া ; জয়দেব ;
ময়মনসিংহগীতিকা ; খেতুরি মহোৎসব ; মহারাষ্ট্রপুরাণ ।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

- (ক) বাংলা অনুবাদ-সাহিত্যে 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ অনুবাদক কৃষ্ণিবাস ওঝার কাব্য এবং কবিপ্রতিভা সম্পর্কে বিস্তারিত আলোচনা করো ।
- (খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবির কাব্য এবং কবিকৃতিত্ব সম্পর্কে আলোচনা করো ।
- (গ) "মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের প্রভাবে বাংলা সাহিত্য ক্ষেত্রে বহু নতুন দিগন্ত খুলে গিয়েছিল ।" বক্তব্যটির আলোকে ষোড়শ শতকের বাংলা সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো ।

- (ঘ) আলাওল এবং তাঁর কবিকৃতিস্ব সম্পর্কে বিস্তারিত বিবরণ দাও ।
- (ঙ) সাধক কমলাকান্তের জীবন ও কাব্যপ্রতিভা সম্পর্কে সবিস্তার আলোচনা করো ।
- (চ) কবি বৃন্দাবন দাস এবং তাঁর চৈতন্যজীবনী সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে সুবিস্তৃত আলোচনা করো ।
- (ছ) নারায়ণদেব কোন্ কাব্যধারার কবি? তাঁর কাব্য ও কবিপ্রতিভা সম্পর্কে সবিস্তার আলোচনা করো ।
- (জ) “একদিকে অনার্য সংস্কৃতির প্রভাব, আরেকদিকে অতি সাধারণ বাংলার গার্হস্থ্য জীবন—এই দুয়ের সমবায় গড়ে উঠেছে বাংলার মঙ্গলকাব্য এবং তার দেবতারা।” তোমার পঠিত মঙ্গলকাব্যগুলি অবলম্বনে উক্তিটির যথাার্থ্য বিচার করো ।

★ ★ ★